

## ভিয়েতনামের ডেপুটি প্রধানমন্ত্রী তথা বিদেশমন্ত্রী ফাম বিন মিনহ-এর সঙ্গে প্রতিনিধি পর্যায়ের বৈঠক করলেন পররাষ্ট্রমন্ত্রী

পররাষ্ট্রমন্ত্রী শ্রীমতি সুব্রতা স্বরাজের আমন্ত্রণে ভিয়েতনামের ডেপুটি প্রধানমন্ত্রী তথা বিদেশমন্ত্রী মহামান্য জনাব ফাম বিন মিনহ ভারত সফর করলেন ৩-৬ জুলাই, ২০১৭। সফরকালে মহামান্য জনাব ফাম বিন মিনহ সাক্ষাৎ করেন রাষ্ট্রপতি এবং উপ রাষ্ট্রপতির সঙ্গে এবং প্রতিরক্ষা ও অর্থমন্ত্রীরাও সাক্ষাৎ করেন। পররাষ্ট্রমন্ত্রী একটি দ্বিপক্ষিক বৈঠক করেন এবং সফরতর প্রতিনিধিদের সম্মানার্থে একটি ভোজ সভার আয়োজন করেন।

উভয় পক্ষ পারস্পরিক স্বার্থজনিত দ্বিপক্ষিক বিষয় নিয়ে বিস্তারিত আলোচনা করেন। বিশেষ করে তাঁরা, ভারত-ভিয়েতনাম কূটনৈতিক সম্পর্কের ৪৫ বছর উদযাপন, আসন্ন উচ্চপর্যায়ের সফরের পর্যালোচনা, রাজনৈতিক, প্রতিরক্ষা ও নিরাপত্তা সংক্রান্ত ক্ষেত্রে সহযোগিতা, বাণিজ্য ও বিনিয়োগ, স্বাস্থ্য, শক্তি ও কৃষিক্ষেত্রে সহযোগিতা, পর্যটন এবং সাংস্কৃতিক, যোগাযোগ, ঝণ এবং অন্যান্য উন্নয়নমূলক অংশীদারিত্ব-সহ বিভিন্ন বিষয়ে বিস্তারিত আলোচনা করেন। রাষ্ট্রসংঘ এবং আন্তর্জাতিক সংগঠনে সহযোগিতা-সহ পারস্পরিক স্বার্থজনিত আঞ্চলিক এবং বহুপক্ষিক বিষয়ে নিজেদের মত বিনিময় করেন তারা।

এশিয়ায় শান্তি, স্থিতিশীলতা, উন্নতি, সমৃদ্ধি বজায় রাখার জন্য উভয়পক্ষ একসঙ্গে কাজ করার কথা পুনর্ব্যক্ত করে। ১৯৮২ সালের ইউনাইটেড নেশনস কনভেনশন অন দ্য ল'অফ সি (ইউএনসিএলওএস)-এর ২০১৬ সালের ১২ জুলাই ট্রাইব্যুনালের সপ্তম ধারা অনুসারে উভয় পক্ষ সামুদ্রিক স্বাধীনতা, নিরাপত্তা ও শান্তি এবং স্থিতিশীলতার স্থাপনের বিষয়ে তাদের সমর্থনের কথা পুনর্ব্যক্ত করেন এবং ইউএনসিএলওএস-নীতি অনুসারে ব্যবস্থা নেওয়ার কথা ও বলেন তাঁরা।

রাষ্ট্রসংঘে ভারতের স্থায়ী সদস্য পদের জন্য ভিয়েতনাম তাদের সমর্থনের কথা পুনর্ব্যক্ত করে।

প্রতিনিধি পর্যায়ের আলোচনার পর ২০১২-২০২০ সালের মধ্যে কৌশলগত অংশীদারিত্বের রূপরেখা বাস্তবায়িত করতে উভয় মন্ত্রীরা চুক্তি স্বাক্ষর করেন।

**নয়াদিল্লি**

জুলাই ০৫, ২০১৭